দৈনিক ইনকিলাব

১২/১১/২০০৩
তারিখ ...
পৃঃ ৭ কলাম ১

# মাদ্রাসা ছাত্রছাত্রীদের ৭ দফা দাবী মেনে নিন-আইসিপি

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** গত শনিবার বাংলাদেশ ইসলামী ছাত্র পরিষদ (আইসিপি)-এর কেন্দ্রীয় কমিটি ও স্থায়ী কিমিটির এক জরুরী সভা কেন্দ্রীয় কার্যালয়ে সংগঠনের কেন্দ্রীয় সভাপতি হাফেজ মাওলানা গোলাম মোস্তফার সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মাদ্রাসা শিক্ষা ও সাধারণ শিক্ষার মধ্যে যে বৈষম্য রয়েছে তা নিয়ে আলোচনা করা হয় এবং মাদ্রাসা শিক্ষার সকল বৈষম্য পরিহার করে অবিলম্বে আইসিপির জাতীয় ৭ দফা দাবী মেনে নেয়ার জন্য সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আহবান জানানো হয়।

দাবীগুলো হল- অনতিবিলম্বে মাদ্রাসা শিক্ষার জন্য পৃথক অধিদফতর গঠন এবং সরকারী স্কুল-কলেজের ন্যায় বেসরকারী মাদ্রাসায় শিক্ষক নিয়োগ করতে হবে। দেশের মঞ্জুরিপ্রাপ্ত স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার বেতন-ভাতা প্রদান করে বেসরকারী রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের ন্যায় সকল সুযোগ-সুবিধা দিতে হবে। বিশেষ করে ছাত্রছাত্রীদের বিনামূল্যে বই-পুস্তক, শিক্ষা উপকরণ দিতে হবে। শিক্ষা বৃত্তি চাকরির সর্বস্তরে ফাজিলকে স্নাতক এবং কামিলকে স্নাতকোত্তর মান প্রদান করতে হবে। প্রতিটি সেনানিবাসে ক্যান্টনমেন্ট বোর্ডের অধীনে একটি করে আলিয়া মাদ্রাসা স্থাপন করতে হবে। দেশের সকল বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মাদ্রাসা শিক্ষকদেরকে বেতন স্কেলের ৫০% বাড়ী ভাড়াসহ অন্য সকল সুবিধা দিতে হবে এবং প্রতিটি জেলায় একটি করে মাদ্রাসা টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট প্রতিষ্ঠা করতে হবে। মাদ্রাসা শিক্ষার জন্য অবিলম্বে ঢাকায় পৃথক জাতীয় আরবী ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে হবে। বর্তমান আলিম ক্লাস পর্যন্ত অন্তর্ভুক্ত বিজ্ঞান বিষয়াবলীকে কামিল পর্যন্ত সম্প্রসারণ করতে হবে এবং মাদ্রাসায় বাণিজ্য বিভাগ খুলতে হবে। অনতিবিলম্বে মাদ্রাসা শিক্ষার জন্য পৃথক পূর্ণাঙ্গ মাদ্রাসা টেক্সট বুক বোর্ড এবং প্রতিটি বিভাগে একটি করে মাদ্রাসা শিক্ষা বোর্ড স্থাপন করতে হবে। দেশসহ আন্তর্জাতিক ক্ষেত্রে মাদ্রাসার ছাত্রছাত্রীদের জন্য বৃত্তির কোটা বৃদ্ধি এবং রেডিও-টিভিতে মাদ্রাসার ছাত্রছাত্রীদের জন্য শিক্ষামূলক অনুষ্ঠান প্রচার এবং সাধারণ শিক্ষার প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত ১০০ নম্বর ধর্মীয় শিক্ষা এবং ৬ষ্ঠ শ্রেণী থেকে এইচএসসি শ্রেণী পর্যন্ত কমপক্ষে ২০০ নম্বর ধর্মীয় শিক্ষা বাধ্যতামূলক নিশ্চিত করতে হবে।

আগামী শুক্রবার বাদ জুমা মসজিদে গাউসুল আজম (রঃ)-এর সম্মুখ থেকে রমজানের পবিত্রতা রক্ষা করার আহবানে একটি মিছিলের ঘোষণা করা হয় এবং উক্ত মিছিল সফল করার লক্ষ্যে আইসিপির নেতা-কর্মী ও তৌহিদী জনতার প্রতি উদাত্ত আহবান জানান।

স্থায়ী কমিটির মধ্যে উপস্থিত ছিলেন সাবেক ভারপ্রাপ্ত সভাপতি মোঃ জাকির হোসাইন, সাবেক সভাপতি মুফতি মোহাম্মদ ইলিয়াস, কেন্দ্রীয় কমিটির মধ্যে সাধারণ সম্পাদক এস এম আবু তাহের, সাংগঠনিক সম্পাদক হাফেজ মোঃ বেলাল হোসেন প্রমুখ।